দৈনিক জনকণ্ঠ

২৫৬

তারিখ APR. 7 1999
পৃষ্ঠা ৩ কলাম ৮

# সারা দেশে শিশু শিক্ষা ও সাক্ষরতা জরিপ ২৬-২৮ এপ্রিল

আগামী ২৬ থেকে ২৮ এপ্রিল সারা দেশে একযোগে শিশু শিক্ষা ও সাক্ষরতা জরিপ করা হবে।

সরকার প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলককরণ আইন 'পরিপালনের জন্য' প্রতি দু'বছরে একবার এ শিশু শিক্ষা ও সাক্ষরতা জরিপ' পরিচালনা করবে। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ এবং প্রাথমিক শিক্ষাবিষয়ক ভবিষ্যত কর্মপন্থা নির্ণয়ের জন্য এ জরিপ করা হবে। এ জরিপ উপলক্ষে জরিপকারীবৃন্দ (মূলত প্রাথমিক স্কুলের শিক্ষক/শিক্ষিকাবৃন্দ) প্রত্যেক বাড়িতে/পরিবারে উপস্থিত হয়ে জরিপ ছকে পরিবারের প্রধান থেকে শুরু করে প্রাসঙ্গিক ব্যক্তিবর্গের তথ্য লিপিবদ্ধ করবেন। –তথ্য বিবরণী।